যুগান্তর

16 AUG 2016

# দেশে জুনিয়র সায়েন্স অলিম্পিয়াড ২৭ আগস্ট

বিশ্বের মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য বিজ্ঞানের সবচেয়ে বড় প্রতিযোগিতা আন্তর্জাতিক জুনিয়র সায়েন্স অলিম্পিয়াড অনুষ্ঠিত হবে ইন্দোনেশিয়ায়।

প্রতিযোগিতায় অংশগ্রহণে বাংলাদেশ থেকে দল নির্বাচন ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের বিজ্ঞান শিক্ষা ও গবেষণায় আগ্রহী করে তুলতে দ্বিতীয়বারের মতো অনুষ্ঠিত হবে বাংলাদেশ জুনিয়র সায়েন্স অলিম্পিয়াড (বিডিজেএসও)।

আগামী ২৭ আগস্ট ঢাকার শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ে অলিম্পিয়াড অনুষ্ঠিত হবে। বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশন ও বাংলাদেশ বিজ্ঞান জনপ্রিয়করণ সমিতি (এসপিএসবি), যৌথভাবে এ আয়োজন করছে।

বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক সাজ্জাদুর রহমান জানান, দেশের শিক্ষার্থীরা গণিত, পদার্থবিজ্ঞান, প্রোগ্রামিং, জ্যোতির্বিদ্যার আন্তর্জাতিক অলিম্পিয়াডে ভালো করেছে। প্রথমবারের আয়োজনে কোরিয়া আইজেএসও থেকে ব্রোঞ্জপদক নিয়ে এসেছে। জুনিয়র সায়েন্স অলিম্পিয়াডের মাধ্যমে দেশের খুদে বিজ্ঞানীরা দেশের জন্য সুনাম বয়ে আনবে বলে আশা প্রকাশ করেন তিনি।

আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়, বর্তমানে দুটি ক্যাটাগরিতে বিডিজেএসও'র নিবন্ধন করা হচ্ছে। ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণীর শিক্ষার্থীরা জুনিয়র ক্যাটাগরি এবং নবম-দশম-একাদশ শ্রেণীর শিক্ষার্থীরা (যাদের জন্ম ১ জানুয়ারি ২০০১-এর পর) সেকেন্ডারি ক্যাটাগরিতে অংশ নিতে পারবে।

সরাসরি বাংলাদেশ বিজ্ঞান জনপ্রিয়করণ সমিতির অফিসে নিবন্ধন করা যাবে। এ ছাড়া অনলাইনে নিবন্ধন করা যাবে।

মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য আন্তর্জাতিক জুনিয়র সায়েন্স অলিম্পিয়াড শুরু হয় ২০০৪ সালে। এবার ইন্দোনেশিয়াতে হবে ত্রয়োদশ আয়োজন। ২০১৩ সালে ভারতে অনুষ্ঠিত দশম আন্তর্জাতিক জুনিয়র সায়েন্স অলিম্পিয়াডে আইজেএসও'র সদস্যপদ লাভ করে বাংলাদেশ বিজ্ঞান জনপ্রিয়করণ সমিতি। গত বছর কোরিয়ায় অনুষ্ঠিত ১২তম আইজেএসওতে বাংলাদেশ দলের ৬ সদস্য যোগ দেয়। এ বছরও ৬ জন যোগ দেবে বলে আশা করছে আয়োজকরা। বাংলাদেশ জুনিয়র সায়েন্স অলিম্পিয়াডের ইন্টারনেট পার্টনার হিসেবে রয়েছে ডোজ ইন্টারনেট এবং সোশ্যাল মিডিয়া পার্টনার হিসেবে রয়েছে ক্রো-ল্যাব।

**—আইটি ডেস্ক**